Binani
BRAJ BINANI GROUP

**BINANI INDUSTRIES LIMITED**
(CIN: L24117WB1962PLC025584)
Registered Office: 37/2, Chinar Park, New Town, Rajarhat Main Road, P.O. Hatiara, Kolkata- 700157,
Tel.: 08100326795, Fax: 033-40088802 E-mail: pb@binani.net
Corporate Office: Mercantile Chambers, Ground Floor,12, J. N. Heredia Marg, Ballard Estate, Mumbai - 400 001.
Tel.: 022-4126 3000/01/02

## NOTICE OF THE FIFTY- EIGHTH ANNUAL GENERAL MEETING - REMOTE E-VOTING INFORMATION AND BOOK CLOSURE

Notice is hereby given that the Fifty-Eighth Annual General Meeting ("AGM") of the members of **Binani Industries Limited** will be held on Thursday, **December 30, 2021 at 2:00 p.m.** through **video conferencing** facility ("VC") or other audio visual means ("OAVM"), in compliance with the applicable provisions of the Companies Act, 2013, the Rules made thereunder and the Securities and Exchange Board of India ("SEBI") (Listing Obligations and Disclosure Requirements ) Regulations, 2015 read with read with General Circular No. 14/2020 dated April 08, 2020, General Circular No. 17/2020 dated April 13, 2020, General Circular No. 20/2020 dated May 05, 2020 and General Circular No. 02/2021 dated 13th January, 2021 issued by Ministry of Corporate Affairs and SEBI vide its circular dated 12th May, 2020 and 15th January, 2021, to transact the business as set out in the Notice calling the 58th AGM. Members participating through the VC/OAVM facility shall be reckoned for the purpose of quorum under Section 103 the Companies Act, 2013.

In compliance with the relevant Circulars, the Annual Report and Notice of the AGM for the financial year 2020-21, have been emailed on December 07, 2021 only to those Members of the Company whose email addresses are registered with the Company / Depository Participants. The aforesaid documents are also available on the Company's website at www.binaniindustries.com and the website of National Securities Depository Limited (NSDL) https://www.evoting.nsdl.com. The documents referred in the notice of the 58th AGM shall be made available for inspection by the members, without any fee, only in electronic mode, from the date of circulation of this Notice up to the date of AGM. Members seeking to inspect such documents can send an e-mail to pb@binani.net.

Pursuant to Section 91 of the Companies Act, 2013, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from Thursday, December 23, 2021 to Thursday, December 30, 2021 (both days inclusive) for the purpose of AGM.

Members who would like to express their views/ask questions during the meeting may register themselves as a speaker by sending their request mentioning their name, demat account number/folio number, email ID, mobile number to the e-mail id pb@binani.net by Monday, December 27, 2021. Those members who have registered themselves as speakers will only be allowed to express their views/ask questions during the meeting subject to the availability of time.

In terms of Section 108 of the Companies Act, 2013 read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014, as amended, Regulation 44 of the Listing Regulations and Secretarial Standard on General Meetings (SS2) issued by the Institute of Company Secretaries of India, the Company is pleased to offer to its members the facility of "remote e-voting" provided by National Securities Depositories Limited (NSDL) to enable them to cast their vote by electronic means on all the resolutions as set out in the said Notice. All the members are further informed that:

a. the business as set out in the Notice of AGM may be transacted by electronic means;

b. Remote e-voting commences through electronic means on Monday, December 27, 2021 at 9:00 a.m. (IST) and ends on Wednesday, December 29, 2021 at 5:00 p.m. (1ST);

c. the Cut-off date for determining the eligibility to vote by remote e-voting or e-voting at the time of the AGM is Thursday, December 23, 2021;

d. any person, who acquires shares of the Company and becomes Member of the Company after the Company sends the Notice of the 58th AGM by email and who holds shares as on the Cut-off date i.e. Thursday, December 23, 2021 may obtain the user ID and password by sending a request at evoting@nsdl.co.in or to the Company's email addresses at vahini@binani.net / sauvik.nayak@binani.net. However, if a member is already registered with NSDL for remote e-Voting then the existing user ID and password may be used for casting of vote.

e. In addition, the facility for e-voting shall be made available at the Fifty-Eighth AGM and Members attending the same who have not cast their votes through remote e- voting shall be eligible to vote at the said AGM.

f. The members who have cast their vote by remote e-voting prior to the AGM may attend the AGM through VC/ OAVM but shall not be entitled to cast their vote again at the AGM

g. Members may note that the remote e-voting module shall be disabled by NSDL at 5:00 p.m. on December 29, 2021 and once the vote on a resolution is cast by the member, the member shall not be allowed to change it subsequently;

h. a person whose name is recorded in the register of members or in the register of beneficial owners maintained by the depositories as on the cut-off date only shall be entitled to avail facility of remote e-voting or e-voting at the time of AGM ;

I For the process and manner of remote e-voting, members may go through the instructions in the Notice convening the AGM and in case of queries may refer to the Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting user manual for Shareholders available at the download section of www.evoting.nsdl.com or call at toll free no.: 1800-222-990 or send a request to Mr Amit Vishal, Sr. Manager and Ms Pallavi Mhatre, Manager at evoting@nsdl.co.in. Members are advised to register/update their e-mail address with their DPs in case of shares held in electronic form and to the Company and/or the RTA (Link Intime India Private Limited) in case of shares held in physical form for receiving all communications, including Annual Report, Notices, Circulars etc. by email from the Company in future. Members are also requested to read the Notes set out in the Notice of the AGM and in particular the instructions for joining the AGM, manner of casting vote through remote e-voting or e-voting at the AGM.

**For Binani Industries Limited**
**Sd/-**
**Visalakshi Sridhar**
**MD, CFO and Company Secretary**
**DIN:07325198**

**PLACE: MUMBAI**
**DATE : 07/12/2021**

Binani
BRAJ BINANI GROUP

# বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড

(CIN: L24117WB1962PLC025584)

রেজিস্টার্ড অফিস: ৩৭/২, চিনার পার্ক, নিউ টাউন, রাজারহাট মেন রোড, পোঃঅঃ- হাতিয়াড়া, কলকাতা-৭০০১৫৭
ফোন: ০৮১০০৩২৩৭৯৫, ফ্যাক্স: ০৩৩ ৪০০৮৮৮০২, ই-মেল: pb@binani.net
কর্পোরেট অফিস: মার্কেন্টাইল চেম্বার্স, প্রথম তল, ১২, জে এন হেরাডিয়া মার্গ, ব্যালার্ড এস্টেট, মুম্বই-৪০০০০১
ফোন: ০২২-৪১২৬ ৩০০০/০১/০২

## পঁচাশিতম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি, রিমোট ই-ভোটিং এবং বই বন্ধ সম্পর্কিত তথ্য

এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত ৮ এপ্রিল ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৩ এপ্রিল ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৭/২০২০, ৫ মে ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২০ ও ১৩ জানুয়ারি ২০২১ তারিখের জেনারেল সার্কুলার নং ০২/২০২১ এবং সেবির তরফে জারিকৃত ১২ মে ২০২০ ও ১৫ জানুয়ারি ২০২১ তারিখের সার্কুলার সমূহ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে রচিত রুলসমূহ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ('সেবি') (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর সংস্থানসমূহ অনুযায়ী ৫৮তম বার্ষিক সাধারণ সভার ('এজিএম') আমন্ত্রণী বিজ্ঞপ্তিতে নির্ধারিত কারবারসমূহ নির্বাহের জন্য বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর সদস্যদের পঁচাশিতম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') বৃহস্পতিবার, ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখে দুপুর ০২.০০ টোয় ভিডিও কনফারেন্সিং সুবিধা ('ভিসি') বা অন্য অডিও ভিস্যুয়াল উপায়ে ('ওএভিএম') আয়োজিত হবে। কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ১০৩ নং ধারাধীনে ভিসি/ওএভিএম-এর মাধ্যমে অংশগ্রহণকারী সদস্যদের উক্ত সভার কোরাম নির্ধারণে বিবেচনা করা হবে।

প্রযোজ্য সার্কুলারসমূহ অনুযায়ী, কোম্পানি/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টগণের কাছে যে সকল সদস্যের ই-মেল আইডি রেজিস্টার করানো আছে, কেবলমাত্র তাঁদের প্রতি ২০২০-২১ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদন এবং উক্ত এজিএম-এর বিজ্ঞপ্তি ৭ ডিসেম্বর, ২০২১ তারিখে ই-মেলের মাধ্যমে পাঠিয়ে দেওয়া হয়েছে। উপরিলিখিত নথিগুলি কোম্পানির ওয়েবসাইটের (www.binaniindustries.com) পাশাপাশি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)-এর ওয়েবসাইটেও (https://www.evoting.nsdl.com) দেওয়া আছে। এই বিজ্ঞপ্তি প্রচারের তারিখ থেকে এজিএমের নির্ধারিত তারিখ পর্যন্ত কোনও খরচ ছাড়াই ৫৮তম এজিএমের বিজ্ঞপ্তিতে উল্লিখিত নথিগুলি কেবলমাত্র ইলেকট্রনিক উপায়ে পরিদর্শন করা যাবে। এই সমস্ত নথিগুলি পরিদর্শনে আগ্রহী সদস্যরা pb@binani.net আইডি-তে ই-মেল পাঠাতে পারেন।

উক্ত এজিএম আয়োজনের কারণে কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ৯১ নং ধারাধীনে কোম্পানির সদস্যদের রেজিস্টার এবং শেয়ার হস্তান্তর বইগুলি বৃহস্পতিবার, ২৩ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে বৃহস্পতিবার, ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত (উভয় তারিখ অন্তর্ভুক্ত করে) বন্ধ রাখা থাকবে।

সভা চলাকালীন কোনও সদস্য নিজের মতামত জানাতে চাইলে/ কোনও প্রশ্ন করতে চাইলে নিজের নাম, ডিম্যাট অ্যাকাউন্ট নম্বর/ ফোলিও নম্বর, ই-মেল আইডি, মোবাইল নম্বর উল্লেখ করে সর্বশেষ সোমবার, ২৭ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে pb@binani.net আইডি-তে ই-মেল পাঠিয়ে বক্তা হিসেবে নিজের নাম রেজিস্টার করিয়ে নিতে পারবেন। যে সকল সদস্য নিজেদের নাম বক্তা হিসেবে রেজিস্টার করাবেন, সময় উপলব্ধ হলে কেবলমাত্র তাঁদেরই নিজেদের বক্তব্য পেশের/ প্রশ্ন উত্থাপনের সুযোগ দেওয়া হবে।

সংশোধিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল নং ২০ এবং ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত লিস্টিং রেগুলেশনস অ্যান্ড সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড অন জেনারেল মিটিংস (এসএস২)-এর রেগুলেশন ৪৪ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ১০৮ নং ধারার সংস্থানাধীনে কোম্পানি আনন্দের সঙ্গে তার সদস্যদের ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরিজ লিমিটেড (এনএসডিএল) দ্বারা প্রদত্ত 'রিমোট ই-ভোটিং'-এর সুবিধা দেবে যাতে সদস্যরা উক্ত বিজ্ঞপ্তিতে নির্ধারিত সকল কারবারের ওপর ইলেকট্রনিক উপায়ে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন। সকল সদস্যের জ্ঞাতার্থে আরও জানানো হচ্ছে যে:

ক. এজিএম-এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত কারবারগুলি ইলেকট্রনিক উপায়ে নির্বাহ করা হবে।

খ. রিমোট ই-ভোটিং ইলেকট্রনিক উপায়ে শুরু হবে সোমবার, ২৭ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ৯.০০টায় (ভারতীয় প্রমাণ সময়) এবং শেষ হবে বুধবার, ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে বিকেল ৫.০০টায় (ভারতীয় প্রমাণ সময়)।

গ. রিমোট ই-ভোটিং বা এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার যোগ্যতা নির্ধারণে কাট-অফ তারিখ হবে বৃহস্পতিবার, ২৩ ডিসেম্বর ২০২১।

ঘ. কোম্পানির তরফে ৫৮তম এজিএম-এর বিজ্ঞপ্তি ই-মেলের মাধ্যমে প্রেরণের পরে কোনও ব্যক্তি কোম্পানির শেয়ার অধিগ্রহণ করে কোম্পানির সদস্যে পরিণত হলে এবং নির্ধারিত কাট-অফ তারিখ অর্থাৎ, বৃহস্পতিবার, ২৩ ডিসেম্বর ২০২১-এর নিরিখে কোম্পানির শেয়ার ধারণ করলে evoting@nsdl.co.in বা কোম্পানির ই-মেল আইডি vahini@binani.net/ sauvik.nayak@binani.net-তে ই-মেলের মাধ্যমে অনুরোধ জানিয়ে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারবেন। অবশ্য, কোনও সদস্য ইতিমধ্যেই রিমোট ই-ভোটিংয়ের জন্য এনএসডিএল-এর কাছে রেজিস্টার্ড হয়ে থাকলে তিনি নিজের ভোট দেওয়ার সময় বিদ্যমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন।

ঙ. এর পাশাপাশি, আটান্নতম এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের সুবিধা পাওয়া যাবে এবং উক্ত এজিএমে অংশ নেওয়া কোনও সদস্য রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে নিজের ভোটাধিকার প্রয়োগ না-করে থাকলে উক্ত এজিএম চলাকালীন ভোট দেওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

চ. এজিএমের আগে কোনও সদস্য রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে নিজের ভোটাধিকার প্রয়োগ করে থাকলে তিনি ভিসি/ওএভিএম-এর মাধ্যমে উক্ত এজিএমে অংশ নিতে পারলেও পুনরায় ভোট দেওয়ার অনুমতি পাবেন না।

ছ. সদস্যরা এই বিষয়টি খেয়াল রাখবেন যে, ২৯ ডিসেম্বর, ২০২১ তারিখ বিকেল ৫.০০টায় এনএসডিএল দ্বারা উক্ত রিমোট ই-ভোটিংয়ের মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে এবং একজন সদস্য কোনও কারবারের ওপর একবার নিজের ভোট দিয়ে ফেললে পরবর্তীতে তা আর বদলের সুযোগ পাবেন না।

জ. নির্ধারিত কাট-অফ তারিখের ভিত্তিতে কোম্পানির সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরিদের কাছে থাকা সুবিধাভোগী স্বত্বাধিকারীদের তালিকায় যে ব্যক্তির নাম নথিভুক্ত থাকবে, কেবলমাত্র তাঁরাই রিমোট ই-ভোটিং বা এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে নিজ নিজ ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

ঝ. রিমোট ই-ভোটিংয়ের পদ্ধতি ও প্রক্রিয়া সম্পর্কে জানতে, সদস্যরা এজিএম-এর আমন্ত্রণী বিজ্ঞপ্তিতে দেওয়া নির্দেশাবলিগুলি ভাল করে দেখে নেবেন এবং এর পরেও কোনও প্রশ্নের ব্যাখ্যার প্রয়োজন হলে www.evoting.nsdl.com ওয়েবসাইটের ডাউনলোড সেকশনে প্রদত্ত 'ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেনস (এফএকিউজ) ফর শেয়ারহোল্ডারস অ্যান্ড ই-ভোটিং ইউজার ম্যানুয়াল ফর শেয়ারহোল্ডারস' অংশটি দেখতে পারেন অথবা ১৮০০-২২২-৯৯০ শুল্কমুক্ত নম্বরে কথা বলতে পারেন বা অনুরোধ জানাতে পারেন এই ব্যক্তিদের কাছে: মিঃ অমিত বিশাল, সিনিয়র ম্যানেজার এবং শ্রীমতী পল্লবী মাত্রে, ম্যানেজার, ই-মেল আইডি: evoting@nsdl.co.in। ইলেকট্রনিক উপায়ে শেয়ার ধারণ করলে নিজ নিজ ডিপি-র কাছে এবং ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণ করলে কোম্পানি এবং/বা আরটিএ (লিঙ্ক ইনটাইম ইন্ডিয়া প্রাঃ লিঃ)-এর কাছে নিজেদের ই-মেল আইডি রেজিস্টার/ আপডেট করিয়ে নিতে সদস্যদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে যাতে বার্ষিক প্রতিবেদন, বিজ্ঞপ্তিসমূহ, সার্কুলার ইত্যাদির মতো যাবতীয় বার্তা ভবিষ্যতে কোম্পানির তরফে তাঁদের প্রতি ই-মেলের মাধ্যমে প্রেরণ করা যায়। সদস্যদের প্রতি আরও অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা উক্ত এজিএম-এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত দ্রষ্টব্য অংশগুলি, বিশেষত এজিএমে অংশগ্রহণের নির্দেশাবলি, রিমোট ই-ভোটিং বা এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের উপায়গুলি ভাল ভাবে পড়ে নেন।

বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
স্বাঃ-
বিশালাক্ষ্মী শ্রীধর
এমডি, সিএফও এবং কোম্পানি সেক্রেটারি
ডিআইএন: ০৭৩২৫১৯৮

স্থান: মুম্বই
তারিখ: ০৭.১২.২০২১